রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, এপ্রিল ২১, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ২১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৮২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'জাতীয় বেতন কমিশন, ২০২৫, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫ এবং সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০২৫-এর প্রতিবেদন সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটি'** নিম্নরূপে পুনর্গঠন করেছে:

১.১। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : | আহ্বায়ক |
| (২) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| (৩) | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | : | সদস্য |
| (৫) | সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, আইন ও বিচার বিভাগ | : | সদস্য |
| (৮) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | : | সদস্য |
| (৯) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| (১০) | হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা | : | সদস্য। |


মূল্য : টাকা ৪.০০

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) কমিটি জাতীয় বেতন কমিশন, ২০২৫; বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫ এবং সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০২৫-এর দাখিলকৃত প্রতিবেদনসমূহের বেতন সম্পর্কিত বিষয়াদি পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী কার্যক্রম সংক্রান্ত সুপারিশ প্রণয়ন করবে; এবং

(২) কমিটি যথাসময়ে সরকারের নিকট প্রতিবেদন দাখিল করবে।

১.৩। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৫.২৮ স্মারকের অনুবৃত্তিক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd